

# বৌ

## মাহমুদুল হক ফয়েজ

সালামের বউ খুব একটা কথা বলেনা ।

সালাম যদি বলে, উঃ বড্ড গরম পড়ছে। বউ ইতি উতি তাকিয়ে একবার ক্যানের দিকে তাকাবে । তারপর সুইচ বোর্ডের দিকে তাকিয়ে রেগুলেটরটা বাড়িয়ে দিবে। একটু দূর থেকে সালামকে খুঁটিয়ে দেখবে, ঠান্ডা বাতাসে এবার স্বামীর ভাবখানা কি হয়েছে ।

ওদের প্রথম সন্তান মেয়ে । তিন বছরের পিচ্চি সারা ঘর মাতিয়ে রাখে । পিচ্চি কোলে নিয়ে সালামের ভাবী মেয়ের তুলতুলে গাল টিপে বলে, ‘প্রথমটা মেয়ে-আপনারা তো খুব ভাগ্যবান !’

সালাম হেসে বলে, ‘হ্যাঁ তাড়াতাড়ি শ্বশুর হয়ে যাবো । বাঙালী মেয়েদের তো আগে-আগে ই বিয়ে হয়ে যাম ।’

সালামের বৌ কথা বলে না , কথা গিলে, মিষ্টি মিষ্টি হাসে ।

সালামের ভাবী রসিয়ে বলে তার বৌ এত কম কথা বলে ক্যান ?

ও কি আসলেই কথা কম বলে ?

সালাম বৌয়ের দিকে তাকায় ।

বৌ লাজুক দৃষ্টিতে একবার সালামের দিকে একবার ভাবীর দিকে তাকায় ।

দ্বিতীয় বার বৌ পোয়াতী হল। মেয়ে পিচ্চি ছেলে পিচ্চি সালামের কোল সংস্কার লেই। ওর কাছে দুটোই সমান। তবু মনের কোলে মেঘফাটা সোনালি রোদ্দুরের মত

একটুকরো আকাখ্যা ঝিলিক দিয়ে উঠে। প্রথমটা মেয়ে পনেরটা যদি - বৌ চোখের কোলে আকাখ্যার রোদ্দুরে উঁকি মেরে দেখে।

আঁতুর ঘরের দরজার বাইরে অপেক্ষার রথ দ্রুত বেগে ছোটে। উল্লেগে সময় যায়না। একটা তীর কান্নার ধ্বনি ভেসে আসে। দাই দরজা কাঁক করে মুখ বাড়িয়ে হেসে

বলে-

‘ছলে’

সালাম দরজার ফাঁকে দেখে, বৌ এর চোখে উচ্ছ্বাস যেন খেলা করে, এক পলক দু’পলক। বৌ কি কথা বলে উঠলো। সালাম খুশিতে ডগমগ করে উঠে।